গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১৯৭/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ১৭ এপ্রিল ২০১৯, ৪ বৈশাখ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বঙ্গভবনে পহেলা বৈশাখ উদ্‌যাপন : দেশবাসীকে রাষ্ট্রপতির শুভেচ্ছা
২। জটিল রোগের চিকিৎসা জেলা হাসপাতালে হবে : প্রধানমন্ত্রী
৩। ফ্রান্সের নটরডেমের অগ্নিকাণ্ডে প্রধানমন্ত্রীর শোকবার্তা
৪। সাত দিনের মধ্যে ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি চান প্রধানমন্ত্রী
৫। মাদক নির্মূলে তরুণদের এগিয়ে আসতে হবে : পীরগঞ্জে স্পিকার
৬। রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে চীনের সহায়তা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী
৭। বিএনপি সংসদে যোগ দিলে দেশবাসী স্বাগত জানাবে : তথ্যমন্ত্রী
৮। জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের উন্নয়ন বাধাগ্রস্ত : জাতিসংঘে অর্থমন্ত্রী
৯। অনলাইনে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস (বিডিএস) সংগ্রহ করা যাবে : শিল্পমন্ত্রী
১০। আগামী ২১ এপ্রিলই পবিত্র শবেবরাত : সংবাদসম্মেলনে ধর্ম প্রতিমন্ত্রী
১১। ঐতিহাসিক মুজিবনগর দিবস আজ

চলমান পাতা-২

**১। বঙ্গভবনে পহেলা বৈশাখ উদ্‌যাপন : দেশবাসীকে রাষ্ট্রপতির শুভেচ্ছা**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পহেলা বৈশাখ উপলক্ষে বঙ্গভবনের দরবার হলে ১৬ এপ্রিল মঙ্গলবার সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করেন। রাষ্ট্রপ্রধান বঙ্গভবনের কর্মকর্তা, কর্মচারী, আত্নীয়স্বজন এবং গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে বাংলা নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এ সন্ধ্যায় আয়োজন করে। আমন্ত্রিত অতিথিদের বঙ্গভবনে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি আগামী দিনগুলোতে জাতির সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। সংক্ষিপ্ত বক্তৃতায় রাষ্ট্রপতি দেশবাসীকে বৈশাখী শুভেচ্ছা জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

**২। জটিল রোগের চিকিৎসা জেলা হাসপাতালে হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে কাজ করে যাচ্ছে সরকার। কিডনি, ডায়াবেটিস, অগ্নিদগ্ধ, ক্যান্সারসহ জটিল রোগের চিকিৎসা করতে প্রত্যেক জেলা হাসপাতালে ব্যবস্থা নেওয়া হচ্ছে। একইসঙ্গে সরকার দেশের সব বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে। তবে শিক্ষার মান রক্ষায় যত্রতত্র মেডিকেল কলেজ করার অনুমতি দেওয়া হবে না বলে তিনি মন্তব্য করেন। ১৬ এপ্রিল মঙ্গলবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় স্বাস্থ্যসেবা সপ্তাহ ও জাতীয় পুষ্টি সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি আরো বলেন, ইদানীং কিছু রোগের প্রাদুর্ভাব একটু বেশি মাত্রায় দেখা যাচ্ছে। পরে প্রধানমন্ত্রী জেলা-উপজেলার জন্য ক্রয়কৃত অ্যাম্বুলেন্স ও জিপ বিতরণ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

**৩। ফ্রান্সের নটরডেমের অগ্নিকাণ্ডে প্রধানমন্ত্রীর শোকবার্তা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা অগ্নিকাণ্ডে ফ্রান্সের নটরডেম ক্যাথেড্রলের ব্যাপক ক্ষতি হওয়ায় সেদেশের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোর কাছে এক শোকবার্তা পাঠিয়েছেন। ১৬ এপ্রিল মঙ্গলবার পাঠানো এক শোকবার্তায় প্রধানমন্ত্রী বলেন, ভয়াবহ অগ্নিকাণ্ডে নটরডেম ক্যাথেড্রলের ব্যাপক ক্ষতিতে আমরা গভীরভাবে দুঃখ ভারাক্রান্ত। তিনি বলেন, এ ঐতিহাসিক ক্যাথেড্রলের ক্ষতি কেবল ফ্রান্সের মানুষের নয়, সমগ্র মানবজাতির জন্য এক হৃদয় বিদারক ঘটনা। বাংলাদেশ ফ্রান্সের মানুষের বেদনা ও শোকের অংশীদার। আমি আন্তরিক সহমর্মিতার সাথে বাংলাদেশের জনগণ ও সরকারের পক্ষে আপনার এবং ফ্রান্সের জনগণের কাছে গভীর দুঃখ প্রকাশ করছি। ভাবনা ও প্রার্থনায় আমরা ফ্রান্সের জনগণের সাথে রয়েছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৪। সাত দিনের মধ্যে ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি চান প্রধানমন্ত্রী**

ছাত্রলীগের সাম্প্রতিক কর্মকাণ্ডে ক্ষোভ প্রকাশ করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি সাত দিনের মধ্যে ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠনে কেন্দ্রীয় নেতাদের তাগিদ দিয়েছেন। ১৫ এপ্রিল সোমবার দলের কয়েকজন কেন্দ্রীয় নেতা দেখা করতে গণভবনে গেলে প্রধানমন্ত্রী এ ক্ষোভ প্রকাশ করেন এবং তাদের এমন তাগিদ দেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫)।

**৫। মাদক নির্মূলে তরুণদের এগিয়ে আসতে হবে : পীরগঞ্জে স্পিকার**

মাদক নির্মূলে তরুণদেরও এগিয়ে আসতে হবে উল্লেখ করে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশের জনসংখ্যার বৃহৎ একটা অংশ তরুণ। তাই তরুণদের মাধ্যমেই দেশের সব ইতিবাচক পরিবর্তন সম্ভব। মেধাবী তরুণ প্রজন্ম উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলবে। ১৬ এপ্রিল মঙ্গলবার নিজ নির্বাচনি এলাকা রংপুরের পীরগঞ্জে শহীদ মিনার চত্বরে উপজেলা প্রশাসন আয়োজিত পীরগঞ্জ পৌরসভা ও উপজেলার ১৫টি ইউনিয়নে একযোগে ‘এসো আমরা মাদককে না বলি’ শীর্ষক মাদকবিরোধী অভিযান উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তিনি। এ সময় তিনি শিক্ষার্থীদের মধ্যে গাছের চারা বিতরণ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১০,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

**৬।	রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে চীনের সহায়তা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী**

মিয়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের নিজ দেশে ফেরত পাঠাতে চীনের সক্রিয় সহযোগিতা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। এ বিষয়ে চীনের জননিরাপত্তামন্ত্রী জাহো কেঝি ইতিবাচক মনোভাব পোষণ করে বলেছেন, তারা এ বিষয়ে মিয়ানমারের সঙ্গে যোগাযোগ রক্ষা করছে। একই সঙ্গে চীন মনে করে বিষয়টি সমাধানে বাংলাদেশ ও মিয়ানমারের আরও আলোচনা চালিয়ে যাওয়া প্রয়োজন এবং এ বিষয়ে আন্তর্জাতিক সংস্থাগুলো বিশেষ করে ইউএনএইচসিআর এবং ইউএনডিপি'র ইতিবাচক ভূমিকা পালন করা প্রয়োজন। তিনি এ ব্যাপারে আসিয়ানের ইতিবাচক ভূমিকা পালনকে সাধুবাদ জানান। ১৬ এপ্রিল মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১)।

**৭।	বিএনপি সংসদে যোগ দিলে দেশবাসী স্বাগত জানাবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, নুসরাত হত্যা দুঃখজনক ও মর্মান্তিক। এমন নৃশংস হত্যাকাণ্ডের ঘটনা পুরো দেশকে আলোড়িত করেছে। তিনি বলেন, এ ঘটনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জড়িতদের বিচারের আওতায় এনে সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন। এ ঘটনার সাথে প্রশাসনের কেউ জড়িত থাকলে তাদেরও বিচার হবে। কাউকে ছাড় দেওয়া হবে না। কারণ যারাই এ ঘটনা ঘটিয়েছেন তারা সবাই দুর্বৃত্ত। সংসদে বিএনপি যোগ দিচ্ছে কিনা জানতে চাইলে তথ্যমন্ত্রী বলেন, বিএনপি সংসদে যাওয়ার সিদ্ধান্ত নিলে তা হবে ইতিবাচক। তাদের সংসদে যোগদানকে দেশবাসী স্বাগত জানাবে। সূত্র **: ইত্তেফাক (**পৃ.৩,ক.১**), সমকাল** (পৃ.৭,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

**৮।	জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের উন্নয়ন বাধাগ্রস্ত : জাতিসংঘে অর্থমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনরোধে অবিলম্বে সমন্বিত পদক্ষেপ নিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। ১৫ এপ্রিল সোমবার নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত ইকোসকের ফিন্যান্সিং ফর ডেভেলপমেন্ট (এফএফডি) ফোরামে দেওয়া বক্তব্যে এ আহ্বান জানান তিনি। অর্থমন্ত্রী বলেন, জলবায়ু পরিবর্তনে বাংলাদেশের কোনো ভূমিকা না থাকলেও বাংলাদেশ জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের শিকার, যা এর উন্নয়ন অগ্রযাত্রাকে ব্যাপকভাবে বাধাগ্রস্ত করছে। এছাড়া এলডিসি (স্বল্পোন্নত দেশ) থেকে উত্তরণকারী দেশগুলোর টেকসই উন্নয়ন নিশ্চিত করতে প্রাথমিক পর্যায়ে নীতিগত বিষয়গুলো পুনর্বিবেচনা করে সহযোগিতার পদক্ষেপ অবারিত রাখারও আহ্বান জানান অর্থমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৯।	অনলাইনে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস (বিডিএস) সংগ্রহ করা যাবে : শিল্পমন্ত্রী**

অনলাইনে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস (বিডিএস) বিক্রয় কার্যক্রম চালু হওয়ার ফলে এখন থেকে কোনো গ্রহককে বিএসটিআইতে এসে বিডিএস সংগ্রহ করতে হবে না। ঘরে বসে অনলাইনে বিডিএস সংগ্রহ করা যাবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। অনলাইনে মিলবে বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক প্রণীত পণ্য ও সেবার মান বিষয়ক বিনির্দেশিকা বাংলাদেশ মান (বিডিএস)। ১৬ এপ্রিল মঙ্গলবার রাজধানীর তেজগাঁও বিএসটিআই প্রধান কার্যালয়ে সংস্থার সর্বোচ্চ নীতি-নির্ধারনী কর্তৃপক্ষ বিএসটিআই কাউন্সিল সভাশেষে শিল্পমন্ত্রী বিএসটিআই'র 'ই-ক্যাটালগ এবং বাংলাদেশ মান (বিডিএস) বিক্রি' শীর্ষক প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৫)।

**১০। আগামী ২১ এপ্রিলই পবিত্র শবেবরাত : সংবাদসম্মেলনে ধর্ম প্রতিমন্ত্রী**

জাতীয় চাঁদ দেখা কমিটির সিদ্ধান্ত অনুসারে আগামী ২১ এপ্রিল দিবাগত রাতেই সারাদেশে পবিত্র শবেবরাত পালিত হবে বলে জানিয়েছেন ধর্ম প্রতিমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি শেখ মো. আবদুল্লাহ। ১৬ এপ্রিল মঙ্গলবার ধর্ম মন্ত্রণালয়ে এক সংবাদসম্মেলনে তিনি একথা বলেন। ধর্ম প্রতিমন্ত্রী আরো বলেন, ৬ এপ্রিল জাতীয় চাঁদ দেখা কমিটির শাবান মাসের চাঁদ দেখার সিদ্ধান্ত বহাল রাখার পক্ষে মত দিয়েছেন বিশিষ্ট ওলামায়ে কেরামের সমন্বয়ে গঠিত ১১ সদস্যের উপ-কমিটি। বিশিষ্ট ওলামায়ে কেরামের সুপারিশ ও মতামতের আলোকে ২১ এপ্রিল দিবাগত রাতে সারাদেশে পবিত্র শবেবরাত পালিত হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩)।

**১১। ঐতিহাসিক মুজিবনগর দিবস আজ**

আজ ১৭ এপ্রিল বুধবার ঐতিহাসিক মুজিবনগর দিবস। ১৯৭১ সালের এ দিনে তৎকালীন কুষ্টিয়া জেলার মেহেরপুর মহকুমার বৈদ্যনাথতলার আম্রকাননে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রথম মন্ত্রিসভা শপথ গ্রহণ করে। ১৯৭১ সালের ২৬ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা ঘোষণা করেন। এর তিন সপ্তাহ পর বৈদ্যনাথতলা নামে পরিচিত ঐ বিশাল আমবাগান এলাকাকেই পরে 'মুজিবনগর' নাম দিয়ে বাংলাদেশের অস্থায়ী রাজধানী ঘোষণা করা হয়। সরকার যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালনের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। সরকার এ দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য ব্যাংক ঋণের সুদহার ১০ শতাংশের নিচে নেমে আসুক বিভিন্ন মহলের এ প্রত্যাশা উল্লেখ করে অর্থনৈতিক কর্মকাণ্ড গতিশীল করার স্বার্থে এ ব্যাপারে দ্রুত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** গত দুইদিনে ঢাকা ও গাজীপুরের পাঁচটি স্থানে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে-এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে সকলে নিজ নিজ দায়িত্ব ঠিকমতো পালন করলে এসব দুর্ঘটনা রোধ করা সম্ভব বলে মন্তব্য।

গ. **যায়যায়দিন :** নির্বাচন কমিশন ভোটার তালিকা হালনাগাদ করার উদ্যোগ নিয়েছে উল্লেখ করে ভোটার হওয়ার যোগ্য কেউ যেন এ তালিকা থেকে বাদ না যায় সেদিকে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

ঘ. **যুগান্তর :** মন্ত্রণালয় গঠিত তদন্ত কমিটির তদন্তে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের পাইলট নিয়োগে গুরুতর অনিয়ম-দুর্নীতির প্রমাণ পাওয়া গেছে উল্লেখ করে বিমানকে ঢেলে সাজানোর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** আসন্ন রমজানে দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** দরিদ্র শিশুদের অধিকার সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করে এগিয়ে যাচ্ছে আজকের নতুন বাংলাদেশ।

**নিবন্ধ ও ফিচার**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'একটি রাষ্ট্রের জন্মদিন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, ইতিহাসে মুজিব নগর সরকারের সঠিক পরিকল্পনা ও সুযোগ্য নেতৃত্ব সর্বোপরি যুদ্ধ পরিচালনায় নানা কৌশল বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে তাঁদের নাম ও অবদান স্বর্ণাক্ষরে লেখা থাকবে।

#

ডালিয়া/সাঈদা/রীশদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা